REG NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া স্বয়ং আসিয়া বা করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

টাকার অষ্টোত্তর শতনাম।

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের বাঙ্গালা দীপক অনুকরণ। মূল্য মাত্র ৴০ এক আনা। ৫ এক পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া হয়।

ম্যানেজার

জঙ্গিপুর সংবাদ অফিস।

পোঃ রঘুনাথগঞ্জ।

(মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ আনা।

ডাঃ নন্দলাল পাল।

রঘুনাথগঞ্জ।

৯ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৩শে ফাল্গুন বুধবার ১৩২৯ ইংরাজী 7th March 1923 | ৩৭শ সংখ্যা।




দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি কারকে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। আমাদের কেশরঞ্জন তৈল। আমাদের কেশরঞ্জন তৈল। আমাদের কেশরঞ্জন তৈল।

গুণে বিশ্ববিশ্রুত ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে—বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠত্বই ইহার কারণ।

শ্রীযুক্ত প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থমন্য হন।

কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের শক্ত মধ্যাসন ও পুষ্টি বিধানে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ৵০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৮৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

### অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট স্ত্রীরোগের একমাত্র অমোঘ মহৌষধি। স্ত্রীজাতিসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকারিতা অদ্বিতীয়। অনেক সঙ্কটজনক অবস্থায় চিকিৎসক পরিত্যক্ত রোগিণীকে ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরত্ন হয়—রমণীর রোগ নিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক মহৎ কুল-বধূকে রক্ষা করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটা পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগশয্যার পার্শ্বে "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১।০ দেড় টাকা।

প্যাকিং ও ডাকমাশুল ... ৷৵০ নয় আনা।

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণ অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আদ্যোপান্ত লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোংর

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

গত ২৯ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুপারিশ পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এম, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস, এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲

" " মাঝারি শিশি ২॥০

" " ছোট শিশি ১৸০

## সালসা

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অনেকেই সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারদ, গরমী প্রভৃতি রোগের স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাচড়া, ব্রণ, অর্শ, কাউর, বাত আমবাত সন্ধি-বাত প্রভৃতি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা প্রভৃতি উপসর্গে স্যাঙ্গো বাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫।০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা।

## ডাঃ কিশোরীমোহন সিংহ এম, বি,

চক্ষু চিকিৎসায় বিশেষজ্ঞ

—:০:—

মেডিক্যাল কলেজ হাসপাতাল ও দ্বারভাঙ্গা সরকারি হাসপাতালের ভূতপূর্ব্ব লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক।

সর্ব্বপ্রকার চক্ষুরোগ চিকিৎসা

ও বৈজ্ঞানিক উপায়ে চক্ষু পরীক্ষা করিয়া চশমার ব্যবস্থা ও ব্যবস্থানুযায়ী প্রকৃত চশমা সংগ্রহ করিয়া দিয়া থাকেন।

যাবতীয় দুর্ব্বোধ ও দুরারোগ্য ব্যাধি

রক্ত কফ প্রস্রাবাদি পরীক্ষা করিয়া

রোগ নির্দ্ধারণ পূর্ব্বক আধুনিক বৈজ্ঞানিক উপায়ে ভ্যাক্সিন ও এণ্টিটক্সিন আদি ইনজেক্‌সন ও ঔষধ প্রয়োগ দ্বারা আরাম করেন।

চিকিৎসার্থী মফঃস্বলবাসীগণ—

কলিকাতা মহানগরীতে উপস্থিত হইয়া সুচিকিৎসকের সন্ধান করিতে বিশেষ বেগ পাইয়া থাকেন। তাঁহাদের অসুবিধা দূরীকরণের বিজ্ঞাপন এই দেওয়া হইল।

রোগী দেখা ও পরামর্শের সময় ও স্থান :—

প্রাতে ৭টা হইতে ৯টা পর্য্যন্ত—নিজ বাসাবাটী ৫০।৩ হরিশ মুখার্জ্জির রোড ভবানিপুর, কলিকাতা।

বৈকালে ৪টা হইতে ৬টা পর্য্যন্ত—মেডিকেল যোরো ১৯৭ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৩শে ফাল্গুন বুধবার ১৩২৯ সাল।


## বাল বিধবা।

—:০:—

সেদিন বালিকা বঙ্গ-বধূর একটা হিসাব দিয়াছি। আজ বাল-বিধবার একটা হিসাব দাখিল করিতেছি। একমাত্র কলিকাতা সহরে ১৮,২৫৬টা বাল-বিধবা আছে। ইহার মধ্যে এক ও চার বৎসর বয়সের ২,৬৯৬ টা এবং দশ হইতে পঞ্চদশ বর্ষ বয়স্কা ১৫,৭৪৯ টা বালিকা-বিধবা আছে। ইহাদের অনেককেই হয়ত একাদশীর নিরম্বু উপবাস করিতে হয়, হয়ত অনেকেই সংসার যাত্রার অতি সামান্য স্বাচ্ছন্দ্যটুকু হইতেও জন্মবঞ্চিত হইয়াছে। আমরা আশ্চর্য্য হইয়া যাই যে, কাহার পাপে এতগুলি কচিপ্রাণ এই নির্য্যাতন সহ্য করিতেছে? তাহাদের জন্মজন্মান্তরের অর্জ্জিত পাপরাশি অথবা দেশের সমাজের আচারের পাপরাশি?

## মৃতের মতন অচেতন অবস্থা।

—:০:—

সম্প্রতি ব্রহ্মের কোন মফস্বল সহরে একজন দেশীয় যুবতী সন্তান প্রসবের পর মৃত্যুমুখে পতিত হয়। মৃতব্যক্তিকে সমাহিত করিতে দুই দিন দেরী হইয়া যায়। তৃতীয় দিনে যুবতীর কোন আত্মীয়া মৃতদেহ অপেক্ষাকৃত গরম দেখিয়া সন্দেহ করে; ক্রমে মৃতদেহে সংজ্ঞা ফিরিয়া আসে।

## লবণের মূল্য বৃদ্ধি।

—:০:—

ভারতীয় ব্যবস্থাপক সভায় ভারত সরকারের আয়ব্যয় সম্বন্ধে নূতন বজেটের আলোচনা দীল্লিতে হইয়া গিয়াছে। তাহাতে প্রকাশ যে, আগামী বৎসর ভারত সরকারের তহবিলে ৪॥০ কোটি টাকা ঘাটতি পড়িবে। নূতন অর্থসচিব স্যার বেসিল ব্ল্যাকেট প্রস্তাব করিয়াছেন যে, এই ঘাটতির টাকা লবণের উপর ট্যাক্স বৃদ্ধি করিয়া উঠাইতে হইবে। ব্যবস্থাপক সভায় এই প্রস্তাবের আলোচনা চলিতেছে; কিন্তু শুনিতেছি ইতি-মধ্যেই সুদূর মফঃস্বল অঞ্চলেও লবণের মূল্য বৃদ্ধি হইয়া গিয়াছে। ব্যবসাদারগণের অত্যাচার দেশবাসী হাড়ে হাড়ে অনুভব করিতেছে। বিলাতী লবণের উপর ট্যাক্স বসুক, কোন আপত্য নাই, কিন্তু এ দেশ জাত লবণে অত্যধিক ট্যাক্স বসাইয়া অর্থ সংগ্রহ করা কোনমতেই যুক্তিযুক্ত নয়।

## সুদ কষা যন্ত্র।

—:০:—

হ্যারী মায়ার নামে একজন আমেরিকান একটি 'সুদকষা' যন্ত্র বার করেছেন। তাতে ব্যাঙ্কওয়ালাদের কাজের ভারী সুবিধা হয়েছে। তাদের আর কাগজ কলম নিয়ে ব'সে দশ মিনিট ধরে সুদ কসে বার করতে হবেনা। চক্ষের নিমেষে যত টাকার যতদিনের যে হারে সুদ এই যন্ত্রের সাহায্যে নির্ভুল বেরিয়ে যাচ্ছে যে টাকার যতদিনের এবং যে হারে সুদ বার-করবার দরকার হবে কলটির গায়ে আঁটা সুদের হারের কাঁটাটা আগে সেই সংখ্যায় ঘুরিয়ে দিতে হবে তারপর টাকা ও মাসের ঘরের কাঁটা যথাক্রমে সেই সেই অঙ্কের ঘরে ঘুরিয়ে নিয়ে গেলেই কলের গায়ে সুদের অঙ্ক আপনিই দেখা দেবে।

## প্রাচীন স্মৃতিস্তম্ভ।

—:০:—

বীরভূম জেলার এক স্থানে এক পুষ্করিণীর পার্শ্বে একটি গাছের গোড়ায় দুইটি প্রাচীন স্তম্ভ বাহির হইয়াছে। ইহার একটিতে চোদ্দরাজ কর্ণের এবং অপরটীতে তদানীন্তন বঙ্গাধিপ বিজয় সেনের খোদিত লিপি আছে বলিয়া প্রকাশ। বঙ্গীয় গভর্ণমেণ্ট এই মর্ম্মে আদেশ দিয়াছেন যে, বীরভূমের কালেক্টরের অনুমতি না লইয়া কেহ এই স্তম্ভ দুইটী স্থানান্তরিত করিতে পারিবে না।

## সম্রাট পরিবারে আনন্দ ও বিরাগ।

—:—

সম্রাট পঞ্চম জর্জ্জের পরিবার এখন আমোদে ব্যগ্র। সম্রাট সম্প্রতি দৌহিত্রের মুখ দেখিয়াছেন, শীঘ্রই আবার তাঁহার মধ্যম পুত্রের বিবাহ হইবে। কিন্তু যুবরাজের বিবাহের নাম নাই। যুবরাজ নাকি পিতা-মাতাকে জানাইয়াছেন যে, তিনি চিরকুমার থাকিবার সংকল্প করিয়াছেন। মার্কিণের "ফিলাডেলফিয়া পাবলিক লেজর" পত্রিকার পার্সি নোয়েল প্রকাশ করিয়াছেন যে যুবরাজ একটি মার্কিণ যুবতীর প্রেমে পড়িয়াছেন। কিন্তু সে প্রেম কোন কারণে প্রকাশ করিতে রাজী নহেন। যুবরাজ তাঁহাকে একটি অঙ্গুরীও নাকি দিয়াছেন।

## মন্ত্রীদের কীর্ত্তি।

—:০:—

বাঙ্গালার দেশীমন্ত্রীরা যেসব লোকহিতকর মহৎ কার্য্য করিয়াছেন, দেশের লোকে তাহার খবর রাখেন না। সুখের বিষয় মন্ত্রী মহাশয়েরা নিজেই স্বকীয় গুণাবলী বর্ণনা করিয়া জানাইয়াছেন। সুরেন্দ্রনাথ হাঁসপাতালের রোগীদিগের উপর ট্যাক্‌স বসাইয়া ও দাতব্য ঔষধের মূল্য ধার্য্য করিয়া কিরূপে বাঙ্গালা দেশের স্বাস্থ্যের উন্নতি করিতেছেন তাহা সকলে শুনিয়াছেন। শীঘ্রই তিনি মৃত্যু-করও বসাইবেন। সম্প্রতি 'অমৃতবাজার পত্রিকা' মন্ত্রী মিত্র মহাশয়ের কীর্ত্তির একটা নমুনা দিয়াছেন। মন্ত্রী মহাশয় নাকি ব্যবস্থা করিয়াছেন যে, সমস্ত গবর্ণমেণ্ট স্কুলে দোয়াত ও কালী সরবরাহ করা হইবে। এবং সে জন্য প্রতি ছাত্রকে মাসে ছয় পয়সা করিয়া দিতে হইবে। অর্থাৎ মিত্র মহাশয় বাঙ্গালার ছাত্রগণের মঙ্গলার্থ ও শিক্ষার উন্নতির জন্য একটা 'দোয়াত-কালী ট্যাক্‌স' বসাইয়াছেন। সাধু সাধু!—মিত্র মহাশয়ের প্রতিভা সুরেন্দ্রনাথের চেয়ে কোন অংশেই কম নহে।

## খোরাক পোষাকের দায়ে সন্ন্যাসী।

—:০:—

কলিকাতা কালীঘাটের ত্রিলোকেশ্বর শিবের মন্দিরের ভারপ্রাপ্ত যোগানন্দ ব্রহ্মচারী নামে সন্ন্যাসি-বেশধারী এক ব্যক্তির বিরুদ্ধে আলিপুরের পুলিশ-ম্যাজিষ্ট্রেট খাঁ বাহাদুর আব্দুল গফুরের আদালতে খোরাক-পোষাকের দাবীতে এক মোকদ্দমা দায়ের হইয়াছে। অভিযোগে প্রকাশ,—আসামী যোগশাস্ত্রের শিক্ষক বলিয়া পরিচিত; বহু হিন্দু বিধবা তাঁহার কাছে যোগ শিখিতে যায়। সরোজিনী দাসী নামে এক বিধবা যুবতী সম্প্রতি ঢাকা জেলা হইতে আসিয়া আসামীর শিষ্যত্ব গ্রহণ করিয়াছিল। দুই চারি দিন মন্দিরে যাতায়াত করিবার পরেই সরোজিনী তাহার শিক্ষকের বড়ই প্রিয়পাত্রী হইয়া উঠে। তাহার পরে ক্রমশঃ সে শিষ্যের পর্য্যায় ছাড়াইয়া আসামীর গৃহিণী পদবী লাভ করে। কিছুদিন পরে সরোজিনীর এক কন্যা জন্মে। সেই কন্যার খোরাক-পোষাকের দাবী করিয়া সরোজিনীই এখন মোকদ্দমা উপস্থিত করিয়াছে। সরোজিনী বলিয়াছে, ঐ সন্ন্যাসীই তাহার কন্যার পিতা; সন্ন্যাসী পুর্ণিয়ার রাজসরকার হইতে মাসিক দেড়শত টাকা করিয়া পেন্সন পাইয়া থাকেন; তাহা ছাড়া তাঁহার শিষ্য সমূহের নিকট হইতে এবং যাত্রীদের নিকট হইতেও তাঁহার যথেষ্ট অর্থাগম হয়: তাই সে আসামীর নিকট হইতে মোটা রকম খোরাক-পোষাক আদায় করিতে

চাহে। আসামী এই অভিযোগ নিছক অস্বীকার করিয়াছেন। মোকদ্দমা এখনও বিচারাধীন।

## বিলাতে বধূ নির্য্যাতন।

—:•:—

আমাদের দেশেই বধূর উপর ননদের অত্যাচারের কথা শোনা যায়। এখন দেখা যাইতেছে বিলাতেও এ দোষ আছে।— বিলাতের পুলিশ আদালতে এ সম্বন্ধে সে দিন একটী মোকদ্দমা উঠিয়াছিল। বাওউইল মে নাম্নী একটী ১৮ বৎসরের বধূর একটী পুত্র সন্তান হয়। বিবাহের পরে শ্বশুরের ঘরে যাইবার পর হইতেই তাহার ননদ তাহার উপর নানা প্রকার অত্যাচার করিত।—তাহার নবজাত পুত্রটীর উপরও ননদ বাঘিনীর দৃষ্টি কম ছিল না। পুত্রের প্রতি এই প্রকার ভীষণ হিংসা দেখিয়া সে পিত্রালয়ে চলিয়া যায়। তখন তাহার স্বামী তাহার ননদের পরামর্শানুসারে তাহার নিকট হইতে শিশু পুত্রটীকে কাড়িয়া লইতে চায় এবং মোকদ্দমা করিবার ভয় দেখায়। এই সকল দুশ্চিন্তায় তাহার মন খারাপ হইয়া যাওয়ায় সে একদিন শিশু পুত্রটীকে লইয়া একটী নদীর মধ্যে ঝাঁপ দেয়। একজন ধীবর এই বালিকা বধূটী এবং শিশুপুত্রটী, উভয়কেই উদ্ধার করে।

## নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৬ই মার্চ্চ ১৯২৩।

—:•:—

৯২৬ খাং ডিঃ কালি চরণ সিংহ দেঃ হৃষিকেশ মাল দাবি ১৫৷৷৩ পং পলকর মধ্যে লাখেরাজ খড় দাখি /১ কাত ১১ আঃ ১০৲

৩২ রেহান ডিঃ হরিশ্চন্দ্র রায় দেঃ ঠাকুর মনী মণ্ডলানী দিং দাবি ১০১৩/৩ পং — মোঃ রামদেবপুর ৮/২৷৷০ কাত ৯৬/১৭ আঃ ৩৫৲ ২। লাট পরগনাদি ঐ ২৭৷৩ কাত ৩৭৬ আঃ ১৫০৲ ৩। লাট পরগনাদি ঐ ৩/০ কাত ৩১০ আঃ ২০৲ ৪। লাট পরগনাদি ঐ ৬/৪৷০ কাত ৬৫০ আঃ ৮০৲ ৫। লাট পরগনাদি ঐ ২/ কাত ২।৮ আঃ ৫৲ মোট ৬৩/৪৫০ জমির দেন্দারের এক চতুর্থাংশ ১৫৷৷১৶০

২১ মনি ডিঃ অবনী ভূষণ দাস নাবালক পক্ষে অলি মাতা গন্ধ কালি দাসী দেঃ বিনোদ চন্দ্র দাস দিং দাবি ২৯৫৷/৩ পং নওইনগর মোঃ চক কয়াডাঙ্গা ১৷৷০৷৷০ কাত ৩৷০ দুইয়ের তিন অংশ ১/০।/০ মূল্য ৩৫৲ ২। লাট পং মঙ্গলপুর মোঃ ভাবকী ১/১ কাত ১৲ দুইয়ের তিন অংশ ৷৷৹ মূল্য ২৫৲ ৩। লাট পরগনাদি ঐ ৩/১ কাত ৪৷৷০ দুইয়ের তিন অংশ ২৷৷৪ মূল্য ৭০৲ ৪। লাট পং ঐ মোঃ ধনা সাহারা কুশডাঙ্গা ৬/ কাত ২৷৷ দুইয়ের তিন অংশ ৪/ মূল্য ১২৫৲ ৫। লাট মোঃ চক কয়াডাঙ্গা ১/১ কাত ৮/১০ দুইয়ের তিন অংশ ৷৷৭ মূল্য ২৫৲

## নোটিশ।

—:•:—

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জানান যাইতেছে যে, আমাদের খুড়িমাতা রঘুনাথগঞ্জ নিবাসী ৺গগন চন্দ্র সরকারের পত্নী শ্রীমতী সরোজিনী দাসীর দখলে যে সকল সম্পত্তি আছে তাহাতে তাঁহার বিক্রয়-যোগ্য কোন স্বত্ব নাই ও বিক্রয়ের কোন বৈধ কারণ নাই। তিনি হিন্দু বিধবা। আমরা ভাবি উত্তরাধিকারী কেহ তাঁহার নিকট কোন সম্পত্তি খরিদ করিলে উক্ত খরিদের দ্বারা আমরা বাধ্য হইব না ও উক্ত খরিদ পণ্ড ও অসিদ্ধ হইবে। ইতি সন ১৩২৯ সাল তারিখ ১৮ই ফাল্গুন।

শ্রীদুর্গাচরণ সরকার।
শ্রীশ্যামাচরণ সরকার।
শ্রীরাধা গোবিন্দ সরকার।
সাং রঘুনাথগঞ্জ।


জ্বরের …াল ছায়ায়
ম্রিয়মান হবে না। ম্যালেরি… প্লীহা, যকৃৎ, কাস এবং অপরাপর সর্ব্বপ্রকার নূতন ও …রাতন জ্বরের ভীষণ আক্রমণ হ'তে পরিত্রাণ করবে—

## অমৃতাদি বটিকা।

এই ঔষধের বিশেষত্ব, একবার অসুখ নিরাময় হ'লে পুনরাক্রমণের আশঙ্কা থাকে না—কুইনাইন ব্যবহারে আটকান জ্বরে ইহা আশু ফলপ্রদ … ব্যবহার বিধি সহজ ও নির্ব্বাচিত নিয়মাদি প্রতি কৌটার সহিত থাকে।

৪৫ বটিকা পূর্ণ-এক কৌটা ১৲ টাকা।

## জবাকুসুম তৈল

গুণে অদ্বিতীয় গন্ধে অতুলনীয়

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থান-চ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা। ৩ শিশি ২৷৷০ ভিঃ পিতে ৩৷০। ৬ শিশি ৫৲, ১২ শিশি ৯৷৷০, এক পোয়া শিশি ৩৷০ টাকা, ১ সের ১০৮৲ ডাক মাশুল স্বতন্ত্র।

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগির একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাতে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ ভিঃ পিতে ১৷/০

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও স্বপ্নদোষ প্রভৃতি কা-রাদি উপসর্গ ত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয় … কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২।০

সি কে সেন এণ্ড কোং লিমিটেড্
তারের ঠিকানা: "জিতেন্দ্রিয়ান"
টেলিফোন নং: ২৭১৫ কলি:
২৯ নং, কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

কেন?

দীর্ঘ জীবন

লাভের উপায় নিরূপণকারী পুস্তক

## "আমাদের জীবন দশা।"

পত্র লিখিলেই বিনামূল্যে ও বিনা মাশুলে প্রেরিত হয়।

## বাজীকরণ তৈল।

আত্মকৃত শুক্রের অপব্যবহার স্নায়বিক ও শারীরিক গঠনের বিশেষ অনিষ্ট সাধন করে। তদ্ব্যতীত জননেন্দ্রিয়েও বিকৃতি আনয়ন করিয়া থাকে। এই সকল অবস্থায় বাহ্য-প্রয়োগে আমাদের "বাজীকরণ তৈল" অদ্বিতীয়, "ধ্বজভঙ্গ ও পুরুষত্ব হীনতার" অব্যর্থ মহৌষধ। ব্যবহারের দিন হইতে সুফল দেখিতে পাওয়া যায়। এক শিশি ব্যবহারেই রোগ সম্পূর্ণ আরোগ্য হইবে। মূল্য— অর্দ্ধ তোলার শিশি ৫৲ মাত্র।

### মনি তৈল।

সাজ সজ্জার প্রধান অঙ্গীয় ও বিলাসের শ্রেষ্ঠ দ্রব্য। কেশে মর্দ্দন করিলে কেশ সুচিক্কণ ও কোমল হয়। মুখের ব্রণ ও মেচেতা ইন্দ্রজালের ন্যায় নিঃশেষ করে। মস্তিষ্কের উপর ইহার শৈত্যগুণ বর্ণনাতীত।

মূল্য ৫ তোলার ১ শিশি ১৲।

### চন্দ্রপ্রভা বটিকা।

ইহা সেবনে নূতন পুরাতন মেহ, মূত্র কৃচ্ছ, কোষবৃদ্ধি, অর্শ, শ্বেত ও রক্ত প্রদর এবং সূতিকা রোগ দূর হয়। ১৬ ষোল বটিকা পূর্ণ এক কৌটার মূল্য কেবলমাত্র ১৲ এক টাকা।

কবিরাজ—

মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়

২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## ইলেক্ট্রিক সল্টসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১৷৹ দেড় টাকা।

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

## সুরমা

### ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কন্যের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ।৶৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵৹ এক টাকা পাঁচ আনা।

### সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার [illegible] ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারদদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাধাবাধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶৹ এক টাকা তিন আনা।

### জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও দেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

### মিল্ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥৹ আট আনা, মাশুলাদি ।৶৹ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

১নং। **দামোদর সুধা।** ঃ— মূল্য ॥৵৹

ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুল।




২নং বিনা অস্ত্রে আরোগ্য

**অপেরীণ।** ঃ—

বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীতলী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।

মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥৹ আনা।

৩নং। **স্পিরিট ক্যাম্ফর** ঃ— ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৵৹ আনা একত্রে ৩ শিশি ১৲।

৪নং। **একজিন** ঃ— একজিমা বা কাউরের একমাত্র মলম। মূল্য ॥৹ আনা।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।